**এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন**
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
www.napdaa.org,
E-mail: info@napdaa.org


| | | |
|---|---|---|
| বিষয় | : | এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটি (২০১৬-২০১৯) ১০ম সভার কার্যবিবরণী। |
| তারিখ | : | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ (মঙ্গলবার) |
| সময় | : | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | এনএপিডি'র বোর্ড রুম। |
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল কাসেম, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি<br>ও<br>সভাপতি, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। |

সভার উপস্থিতি:

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি | | ক্রম. | নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি |
|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আতাউল হক | মহাসচিব | | ৪. | জনাব মোঃ হাসান তারিক<br>পরিচালক (প্রকাশনা ও গবেষণা)<br>এনএপিডি | গবেষণা ও উন্নয়ন বিষয়ক সম্পাদক |
| ২. | ডাঃ মোঃ সাখাওয়াত হোসাইন মিঠু<br>এমও, বক্ষব্যধি হাসপাতাল, মহাখালী, ঢাকা | কোষাধ্যক্ষ | | ৫. | জনাব মোঃ রমজান আলী<br>উপ-পরিচালক (প্রশাসন),এনএপিডি | দপ্তর সম্পাদক |
| ৩. | জনাব সিরাজ-উদ-দৌলা চৌধুরী<br>পরিচালক, বারডেম হাসপাতাল, ঢাকা | সাংগঠনিক সম্পাদক | | ৬. | জনাব মোহাম্মদ জিয়াউর রহমান<br>সহযোগী প্রশিক্ষক | নির্বাহী সদস্য |

২.০০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মহাসচিব এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম. | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২.০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের সভার কার্যবিবরণী উপর কোন আপত্তি পাওয়া যায়নি। | গত ২৪/০৯/২০১৯ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ় করা হল। |
| ২.০২ | স্থায়ী আমানত হিসেবে তহবিল গচ্ছিত রাখা। | মহাসচিব সভায় অবহিত করেন যে, আল-আরাফা ইসলামী ব্যাংক ও আইএফআইসি ব্যাংকে এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৬ (ছয়) লক্ষ টাকার এফডিআর করা আছে। তাছাড়া সঞ্চয়ী এ্যাকাউন্টে বর্তমান স্থিতি ৮৪,০০০/- (চুরাশি হাজার) টাকা। উক্ত এ্যাকাউন্টে ১ (এক লক্ষ) টাকা পূর্ণ হলে অধিক মুনাফা প্রদানকারী ব্যাংকে উক্ত ১ (এক) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে গচ্ছিত রাখা যেতে পারে। | ১। সরকারি অংশিদারিত্বে পরিচালিত রুপালী ব্যাংকে মহাসচিব ও কোষাধ্যক্ষ-এর যৌথ স্বাক্ষরে ১ (এক) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে গচ্ছিত রাখা যেতে পারে।<br>২। বেসরকারি ব্যাংকে ইতোপূর্বে গচ্ছিত স্থায়ী আমানত মেয়াদ পূর্তিতে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক অথবা সরকারে শেয়ার আছে এবং তুলনামূলক বেশি মুনাফা প্রদান করে এমন ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে গচ্ছিত রাখা হবে। |
| ২.০৩ | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের নতুন কমিটি গঠন। | মহাসচিব সভায় অবহিত করেন যে, অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। এ লক্ষ্যে নতুন কমিটি গঠন করা প্রয়োজন। নতুন কমিটি গঠনের লক্ষ্যে গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন | গঠনতন্ত্র বিধৃত সকল আনুষ্ঠানিকতা পালন করে নির্বাচন পরিচালনার জন্য নিম্মোক্ত নির্বাচন কমিশন গঠন করা হলো:<br>১। বেগম নাজমা চৌধুরী-প্রধান নির্বাচন |



| | | | |
|---|---|---|---|
| | | কমিশন গঠন করা আবশ্যক। নবগঠিত ''কমিশন" গঠনতন্ত্র অনুযায়ী সকল আনুষ্ঠনিকতা পালন করে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করবে। তিনি আরো অভিমত ব্যক্ত করেন যে, একমাত্র সক্রিয় সদস্যগণের দ্বারা গঠিত কমিটি অ্যাসোসিয়েশনের উদ্দেশ্য পূরণের সহায়ক হবে। | কমিশনার।<br>২। বেগম মৌফুল নাহার-কমিশনার<br>৩। জনাব মোঃ সিরাজুল ইসলাম- কমিশনার |
| ২.০৪ | গঠনতন্ত্র পরিমার্জন ও মুদ্রণ | মহাসচিব সভায় অভিমত ব্যক্ত করেন যে, বাস্তব প্রয়োজনে এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বর্তমান গঠনতন্ত্রটি পরিমার্জন করে মুদ্রণ করা আব্যশক। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে ঐক্যমত পোষণ করেন। | এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র পরীক্ষা করে পরিমার্জনের সুপারিশ প্রদানের জন্য জনাব মোঃ সিরাজ-উদ-দৌলা চৌধুরী এর নেতৃত্বে ১ (এক) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। কমিটির সুপারিশের বিবেচনা করে পরিবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ২.০৫ | অ্যালামনাই ওয়েব সাইটে বিভিন্ন লেখা ও প্রবন্ধ প্রকাশ | বর্তমান বিশ্বে যোগাযোগের সবচেয়ে সহজ ও জনপ্রিয় মাধ্যম হচ্ছে সামাজিক যোগাযোগ মাধ্যম। এ বিবেচনায় অ্যাসোসিয়েশনের Facebook page ও ওয়েব সাইট তৈরি করা হয়েছে। উক্ত পেইজে বিভিন্ন লেখা, সেমিনারে পঠিত প্রবন্ধ, স্বাস্থ্য সচেতনা বিষয়ক লিফলেট প্রকাশের মাধ্যমে গণসচেতনা সৃষ্টিসহ সদস্যগণের মধ্যে নেটওয়ার্ককিং বৃদ্ধি করা সম্ভব। | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের Facebook page ও ওয়েব সাইটে সদস্যদের লেখা, সেমিনারে উপস্থাপিত স্বাস্থ্য সচেতনা বিষয়ক প্রবন্ধ ও লিফলেট প্রকাশ করা হবে। |
| ২.০৬ | ভোটার তালিকা চূড়ান্ত করণ | গঠনতন্ত্র অনুযায়ী এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের জীবন সদস্যগণ হলেন ভোটার। সে অনুযায়ী ফেব্রুয়ারি, ২০২০ পযন্ত জীবন সদস্য সংখ্যা হচ্ছে ১৩১৪ জন। এ তালিকা প্রকাশ করা যেতে পারে। | গঠনতন্ত্র মোতাবেক ভোটার তালিকা চূড়ান্ত করে প্রকাশ করা হবে। |
| ২.০৭ | পুন:মিলনী অনুষ্ঠান | নবগঠিত এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কাযনির্বাহী কমিটির উদ্যেগে আগ্রহী সদস্যগণের নিয়ে একটি পুন:মিলনী আয়োজন করা আব্যশক। | আগামী ০৪ এপ্রিল,২০২০ সকাল ১০:০০ ঘটিকায় পুন:মিলনী অনুষ্ঠিত হবে। আগ্রহী সদস্যগণ নিম্নরূপ হারে চাঁদা প্রদানের মাধ্যমে এ পুন:মিলনী অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন:<br>৩০০.০০ টাকা (জনপ্রতি)<br>৫০০.০০ টাকা (স্পউজসহ)<br>২৫০.০০ টাকা ( সন্তান প্রতি)<br>অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে পুন:মিলনী অনুষ্ঠানের বিষয়টি ব্যপক প্রচার করা হবে। |

অন্যান্য সিদ্ধান্ত:

১। যোগাযোগের ক্ষেত্রে মুজিব বর্ষের মনোগ্রাম যুক্ত করে চিঠিপত্রাদি প্রেরণ করা হবে।

২। আগামী ২৪/০৩/২০২০, মঙ্গলবার ৩:০০ ঘটিকায় "স্ত্রীরোগ" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হবে। জনাব ডা: নাজনিন জাহান শায়লা উক্ত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন। এনএপিডি'র বুনিয়াদি প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী, কর্মকর্তা-কর্মচারীগণ ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্যগণ এ সেমিনারে অংশগ্রহণ করবেন।

৩.০০ পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/৩/২০

(মোহাম্মদ আবুল কাসেম)
মহাপরিচালক (সরকারের সচিব) এনএপিডি
ও
সভাপতি
এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন